শৈলকুপায় আ. লীগ নেতার দেওয়া হয়রানিমুলক মামলা প্রত্যাহারের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপায় ভুয়া কাগজ দিয়ে খাস জমি রেকর্ড করে গ্রামবাসীর বিরুদ্ধে আওয়ামী লীগ নেতা দায়ের করা মামলা প্রত্যাহারের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার সকালে উপজেলার উত্তর মির্জাপুর বাজারে এ কর্মসূচীর আয়োজন করে গ্রামবাসী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ভুক্তভোগী ১০ টি পরিবারসহ এলাকাবাসী অংশ নেয়।

সেসময় বক্তব্য রাখেন ভুক্তভোগী, এতেম আলী, লাখি খাতুন, মীর শওকত আলী, নওশের আলী, আলমাস জোয়ার্দ্দার, নাজমুল হাসান সুজনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা অভিযোগ করেন, ভরাট হওয়া ডাকুয়া নদীর ৩ টি দাগে ৩ একর ৫৩ শতক জমি ওই গ্রামের আওয়ামী লীগ নেতা আমিরুল ইসলাম বাবলু জোয়ার্দ্দার ভুয়া কাগজ দেখিয়ে রেকর্ড করে নেয়।

সরকার মামলা করলে ২০০৭ সালে আদালত সরকারের পক্ষে রায়ও দেয়। কিন্তু প্রতারক বাবলু জোয়ার্দ্দার সেই জমি এখনও নিজের দাবী করে জমিতে থাকা গ্রামবাসীর বিরুদ্ধে মামলা দিয়ে হয়রানি করছে। বক্তারা মামলা প্রত্যাহার ও জালিয়াত বাবলু জোয়ার্দ্দার’র বিচারের দাবী জানান।

ঝিনাইদহে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ঝটিকা মিছিল

ঝিনাইদহ শহরের প্রাণকেন্দ্র পায়রা চত্বরে ঝটিকা মিছিল করেছে নিষিদ্ধঘোষিত ছাত্রলীগ। মিছিলে সরকার ও ট্রাইবুনাল বিরোধী

শ্লোগান দেন।

সোমবার (৮ জুন) ভোর ৫টার দিকে শহরের পায়রা চত্বর থেকে মিছিলটি বের হয়ে কেসি কলেজের দিকে যায়।

মিছিলের সামনে ছাত্রলীগের জেলা কমিটির সাধারণ সম্পাদক আল ইমরান শ্লোগান দেন। এতে অন্তত ৪০-৫০ জন নেতাকর্মী অংশ নেন। পরে মিছিলের একটি ভিডিও ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ভোর ৫টার দিকে শহরের প্রাণকেন্দ্র পায়রা চত্বরে ঝটিকা মিছিল বের করে ছাত্রলীগ। মিছিলটি পাঁচ মিনিটের মতো স্থায়ী ছিল। পরে স্থানীয়রা এগিয়ে এলে তারা দ্রুত স্থান ত্যাগ করেন।

এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার মো. বিল্লাল হোসেন বলেন, ‘ফজরের নামাজের সময় শহরের পায়রা চত্বরে নিষিদ্ধঘোষিত ছাত্রলীগের একটি মিছিল হয়ে বলে খবর পেয়েছি। মিছিলের একাধিক ভিডিও আমাদের কাছে রয়েছে। ভিডিও দেখে মিছিলে অংশগ্রহণকারীদের শনাক্ত করার কাজ চলছে। দ্রুতই তাদের বিরদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি জানান।’

খুলনার সাথে ৯ ঘন্টা পর উত্তরবঙ্গের রেল যোগাযোগ স্বাভাবিক

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদারপুর রেল স্টেশন এলাকায় একটি তেলবাহী ট্রেনের বগি লাইনচ্যুত হওয়ায় খুলনার সাথে উত্তরবঙ্গের রেল যোগাযোগ বন্ধ হয়ে যায় ।

রবিবার (৭জুন) সকালে এ দূর্ঘটনা ঘটে। দূর্ঘটনার প্রায় ৯ ঘন্টা পর খুলনার সাথে উত্তরবঙ্গের রেল যোগাযোগ স্বাভাবিক হয়।

জানা যায়, খুলনা থেকে মেকানিক এসে লাইনচ্যুত হওয়া ট্রেন মেরামতের

কাজ শুরু করেন। কাজ করতে দীর্ঘ সময় লাগলেও এখন খুলনার সাথে উত্তর অঞ্চলের রেল যোগাযোগ স্বাভাবিক। অর্থাৎ সকাল ৬ থেকে বেলা ৩ টা পর্যন্ত মেরামতের কাজ চলে ।

স্টেশন মাস্টার নয়ন হোসেন জানান, খুলনা থেকে ছেড়ে আসা পার্বতীপুরগামী তেলবাহী মালগাড়ী ট্রেনটি কোটচাদপুরের সাফদারপুর স্টেশনের কাছে পৌঁছালে সকাল ৬ টার দিকে পেছনের ৩ টি ট্যাংকারের ৯ টি চাকা লাইনচ্যুত হয়। এতে বন্ধ হয়ে যায় খুলনার সাথে রাজশাহীসহ উত্তরবঙ্গের ট্রেন চলাচল । খুলনা থেকে উদ্ধারকারী ট্রেন ও পাকশি থেকে উদ্ধারকারী দুটি ট্রেন যৌথভাবে উদ্ধার কার্যক্রম পরিচালনা করে।

উল্লেখ, গত ২১ মে একই এলাকায় আরও একটি মালবাহী ট্রেনের লাইনচ্যুতি ঘটে, বিষয়টি নিয়ে রেল কর্তৃপক্ষের তদন্ত দাবি করেণ এলাকাবাসী।

ঝিনাইদহে ইয়াবা ও উইনকোরেক্সসহ দুই মাদক কারবারি আটক

ঝিনাইদহের কালীগঞ্জে ইয়াবা ও উইনকোরেক্সসহ দুই মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

শনিবার (৬ জুন) দুপুরে উপজেলার বালিয়াডাঙ্গা এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, কালীগঞ্জ থানার বানুরিয়া গ্রামের মৃত ইলাহী মণ্ডলের ছেলে জীবন মণ্ডল (৩২) এবং বালিয়াডাঙ্গা গ্রামের আলতাফ মণ্ডলের ছেলে সুজন আহমেদ (২৫)।

পুলিশ জানায়, বালিয়াডাঙ্গা গ্রামে সুজন আহমেদের বাড়িতে মাদক কেনাবেচা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে দুপুরে সেখানে অভিযান চালায় পুলিশ। এ সময় জীবন ও সুজনকে আটক করা হয়। পরে তাদের বাড়িতে

তল্লাশি চালিয়ে ৩২২ পিস ইয়াবা ও ১৯ বোতল উইনকোরেক্স উদ্ধার করা হয়।

ঘটনার সত্যতা নিশ্চিত করে কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জেল্লাল হোসেন বলেন, আটককৃতদের বিরু

ঝিনাইদহ সীমান্তে বিএসএফের পুশইনের চেষ্টা, বাধা দেয় বিজিবি

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে পুশইনের আশঙ্কায় নজরদারি ও টহল জোরদার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। মহেশপুর সীমান্ত দিয়ে অনুপ্রবেশের যেকোনো চেষ্টা প্রতিহত করতে সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে বলে জানিয়েছে বিজিবি।

বিজিবির তথ্য অনুযায়ী, মহেশপুর সীমান্তের ১২টি বিওপির মধ্যে যাদবপুর, খোসালপুর ও সামন্তা এলাকায় অন্তত পাঁচবার পুশইনের চেষ্টা চালিয়েছে বিএসএফ। তবে এসব চেষ্টা প্রতিহত করেছে বিজিবি।

বিজিবির দাবি, দেশের সার্বভৌমত্ব রক্ষা ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে মহেশপুর সীমান্তজুড়ে কঠোর নজরদারি চালানো হচ্ছে। সীমান্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

সীমান্তবর্তী এলাকার বাসিন্দারা জানান, সীমান্তের ওপারে বিভিন্ন যানবাহনে করে লোকজন এনে জড়ো করা হচ্ছে। এ কারণে নতুন করে পুশইনের চেষ্টা হতে পারে বলে তাদের মধ্যে উদ্বেগ ও উৎকণ্ঠা তৈরি হয়েছে।

এ বিষয়ে মহেশপুর ৫৮ বিজিবির অধিনায়ক লে. কর্নেল রফিকুল আলম স্বদেশ প্রতিদিনকে বলেন, “ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কোনো ধরনের পুশইনের চেষ্টা করলে তা আমরা কঠোরভাবে প্রতিহত করব।”

ঝিনাইদহে সাংবাদিকের ওপর নৃসংশ হামলা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সাংবাদিক সবুজ শাহরিয়ারের (৩২) ওপর হামলায় ঘটনায় দুদিন পর থানায় মামলা নিয়েছে। গত শুক্রবার সবুজ শাহরিয়ারের বড়ভাই সেলিম রেজার লিখিত অভিযোগের প্রেক্ষিতে মামলা রেকর্ড করেছেন পুলিশ।

মামলার আসামিরা হলেন, উপজেলার বেলতলা গ্রামের মতিয়ার মন্ডলের ছেলে রকি মন্ডল(২২), মমিন মন্ডলের ছেলে সুজন মন্ডল (৩২), মোঃ রুকমান মন্ডলের ছেলে রিফাত মন্ডল (২১), মোঃ চাঁদ আলীর ছেলে সোহেল মন্ডল (২৫) এবং মৃত বানুর ছেলে মোঃ পিজির মন্ডল। এছাড়া অজ্ঞাত আরও ৩/৪ জনকে আসামি করা হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অসিত কুমার রায় বলেন, ভুক্তভোগীর ভাইয়ের লিখিত অভিযোগের ভিত্তিতে মামলা রেকর্ড করা হয়েছে। তবে এখনো কোন আসামিকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি বলে তিনি জানান।

মামলার বাদি সেলিম রেজা জানান, আমার ভাই বর্তমানে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে ভর্তি রয়েছে। তার মাথায় গুরুতর জখম হয়েছে। পা ভেঙে গেছে। এছাড়া শরীরের বিভিন্ন জায়গায় জখম হয়েছে। এতবড় ঘটনার পরেও আসামিরা বেপরোয়াভাবে এলাকায় ঘুরে বেড়াচ্ছে। আমাদের পুরো পরিবার নিরাপত্তা শঙ্কায় আছে।

উল্লেখ যে, গত ৩ জুন রাত ৯টার দিকে গ্রামের একটি দোকান থেকে বাড়ি ফেরার পথে হামলার শিকার হন দৈনিক কালবেলার হরিণাকুণ্ডু উপজেলা প্রতিনিধি সবুজ শাহরিয়ার। হামলাকারীরা হাতুড়ি, লোহার রড ও বাশের লাঠি দিয়ে তাকে পিটিয়ে গুরুতর জখম করে। স্থানীয়রা ও পরিবারের লোক তাকে উদ্ধার করে প্রথমে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়।

পরে ওইদিন রাতেই তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন কর্তব্যরত চিকিৎসক। উপজেলা স্বাস্থ্য

কমপ্লেক্সে ভর্তি থাকা অবস্থায় সবুজ শাহরিয়ার জানান, জোড়াদাহ ইউপি চেয়ারম্যান জাহিদুল ইসলাম বাবুর সমর্থক সুজন, রকি ও সোহেল সহ ১০/১২ জন তার ওপর হামলা করেছে।

এদিকে, অভিযোগের প্রেক্ষিতে ইউপি চেয়ারম্যান জাহিদুল ইসলাম বাবু বলেন, সবুজ আমার গ্রামের বাসিন্দা। হামলাকারীরা আমার সমর্থক হলেও হামলার বিষয়ে আমি কিছুই জানতাম না। আমার সমর্থন করলেও কেউ যদি কোন অন্যায় কাজ করে তবে আমি তো তার দ্বায়ভার নিতে পারিনা।

এই ঘটনায় ঝিনাইদহের বিভিন্ন সাংবাদিক সংগঠন ও সাংবাদিকরা তীব্র নিন্দা ক্ষোভ জানিয়ে দোষীদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানিয়েছে।

ঝিনাইদহে বিএনপিতে যোগ দিলেন জামায়াতের ৩০০ নেতাকর্মী

ঝিনাইদহের মহেশপুরে বাংলাদেশ জামায়াতে ইসলামীর অন্তত ৩০০ নেতাকর্মী বিএনপিতে যোগ দিয়েছেন বলে দাবি করেছে দলটি।

শুক্রবার বিকেলে উপজেলার বাঘাডাঙ্গা মহিউদ্দিন মাধ্যমিক বিদ্যালয় মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে তারা বিএনপিতে যোগ দেন।

আয়োজকদের দাবি, যোগদানকারীদের মধ্যে জামায়াতের শতাধিক নারী কর্মীও রয়েছেন।

অনুষ্ঠানে যোগদানকারীরা উপজেলা বিএনপির সভাপতি মেহেদী হাসান রনির হাতে ফুল দিয়ে বিএনপিতে অন্তর্ভুক্ত হন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক দবির উদ্দিন বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জিয়াউর রহমান জিয়া, ইউনিয়ন বিএনপির সভাপতি আমিনুর রহমান মাস্টার, সাধারণ সম্পাদক মাহমুদুর রহমান ফুটানসহ ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মীরা।

উপজেলা বিএনপির সভাপতি মেহেদী হাসান রনি বলেন, “বিএনপির গণমুখী

রাজনীতি, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে আস্থা রেখে বিভিন্ন রাজনৈতিক মতাদর্শের মানুষ বিএনপিতে যোগ দিচ্ছেন। এতে দলের সাংগঠনিক ভিত্তি আরও শক্তিশালী হবে।”

সদ্য বিএনপিতে যোগদানকারী একজন কর্মী বলেন, “দীর্ঘদিন অন্য একটি রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত ছিলাম। বিএনপির কার্যক্রম ও নেতৃত্বের প্রতি আস্থা রেখে আমরা একসঙ্গে দলে যোগ দিয়েছি। ভবিষ্যতে দলের কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশ নেব।”

অনুষ্ঠান শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রুহের মাগফিরাত এবং সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ঝিনাইদহে বৃক্ষরোপন কর্মসূচী

ঝিনাইদহ নবগঙ্গা ফিটনেস একাডেমির উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বৃক্ষ রোপন কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে শহরের নবগঙ্গা নদীর পাড়ে, সড়ক ও জনপথ রেস্ট হাউজ এবং জেলা শিল্প কলা একাডেমি চত্ত্বরে এই বৃক্ষরোপন কর্মসূচী পালন করা হয়। জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক সমাজসেবক আব্দুল মজিদ বিশ্বাস এই কর্মসূচীর উদ্বোধন ঘ্ষোণা করেণ।

সার্বিক সহযোগীতা করেণ বেসরকারী সংস্থা এইড এর নির্বাহী পরিচালক তারিকুল ইসলাম পলাশ। এসময় নবগঙ্গা ফিটনেস একাডেমির পরিচালক কাজী আলী আহম্মেদ লিকু, মনিরুল ইসলাম এটোম, সহকারী অধ্যাপক কামরুল ইসলাম টিপু, সাংবাদিক শাহানুর আলম, মনোয়ার উদ্দীন, ইউনুচ আলী, সোহেল, দেবাশীষ রায়, শেখ আসাদ, রুহুল, টুটুলসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

এসময় বিরল জাতীয় ফলজ ও বনজ গাছের প্রায় দুই শতাধিক চারা রোপন ও শতাধিক বীজ বপন করা হয়।

ঝিনাইদহে নারীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

ঝিনাইদহ সদর উপজেলার নয়াহাটি গ্রামে লক্ষ্মী রানী (৫২) নামে এক মহিলার ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ । শুক্রবার (৫ জুন) সকালে সদর উপজেলার সুরাট ইউনিয়নের নয়াহাটি শ্মশান ঘাটে একটি আম গাছে ঝুলে থাকা মরদেহটি উদ্ধার করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, আজ ভোর বেলায় বাড়ি থেকে বেরিয়ে এসে নয়াহাটি শ্মশান ঘাট নদীর ধারে একটি আম গাছে গলায় রশি দিয়ে ঝুলন্ত মরদেহ দেখতে পায় এলাকাবাসী। পরে থানা পুলিশকে খবর দেওয়া হলে পুলিশ এসে মরদেহটি উদ্ধার করে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আসাদুজ্জামান জানান, পুলিশ খবর পেয়ে মরদেহটি উদ্ধার করে সদর হাসপাতাল মর্গে পাঠায়। তিনি আরও বলেন, ময়না তদন্তের পর বলা যাবে এটি হত্যা নাকি আত্মহত্যা।

হরিণাকুণ্ডুতে পাখিভ্যান উল্টে মুরগী বিক্রেতার মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার কাদিখালি রামচন্দ্রপুর গ্রামের বাসিন্দা মুরগী বিক্রেতা আলমগীর হোসেন (৩৫) পাখিভ্যান উল্টে মৃত্যু বরণ করেছে।

জীবিকার তাগিদে দীর্ঘ সময় ধরে তিনি নিজেই ভ্যান চালিয়ে গ্রামে গ্রামে মুরগির বাচ্চা বিক্রি করতেন। কিন্তু আজ সকালে সেই ভ্যানই কেড়ে নিল তার প্রাণ।

‎স্থানীয়দের কাছ থেকে জানা গেছে, গতকাল বৃহস্পতিবার ‎সকালে মুরগির বাচ্চা কেনার উদ্দেশ্যে ঝিনাইদহের দিকে রওনা দিয়ে ভালকি বাজারের পাশে পৌছালে নিয়ন্ত্রণ হারিয়ে তার ভ্যানটি উল্টে যায়। এ সময় তিনি ভ্যানের নিচেই পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে দ্রুত হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।

সেখানে তাকে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার করা হলে নিয়ে যাওয়ার পথে তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন। ‎

‎তার অকাল মৃত্যুতে পরিবারটি পুরোপুরি অসহায় হয়ে পড়েছে। ছোটবেলায় বাবা-মাকে হারানো আলমগীর নিজেই ছিলেন পরিবারের একমাত্র অবলম্বন। তার ঘরে রয়েছে ৭ বছর বয়সী একটি ছেলে এবং সবচেয়ে হৃদয়বিদারক বিষয় হলো, তার স্ত্রী বর্তমানে সাত মাসের অন্তঃসত্ত্বা। অনাগত সন্তানটি পৃথিবীর আলো দেখার আগেই বাবাকে হারালো।

‎‎পরিবারের এমন চরম অসহায় অবস্থায় স্থানীয় এলাকাবাসী গভীর শোক প্রকাশ করেছেন। আলমগীরের অকাল প্রস্থান পরিবারের জন্য এক অপূরণীয় ক্ষতি হয়ে দাঁড়ালো ।

‎‎পিতা ও মাতা হারান আলমগীর ছোট বেলায় আপন চাচীর কাছে বড় হয়েছিলেন, ‎নিজেও এতিম ছিলেন তার সন্তানগুলো এতিম হয়ে গেল আজ।